উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির নভেম্বর/২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : সন্দীপ কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ : ১১-১১-২০১৭ খ্রিঃ। সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত প্রধান উপদেষ্টা, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪ জনাব তানভীর ইমাম মহোদয় সহ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া এবং অন্যান্য সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যবিবরণীতে কারোও কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভার প্রারম্ভে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সন্তোষ প্রকাশ করা হয়। আগামিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির এই স্বাভাবিক অবস্থা সমুন্নত রাখতে অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সলঙ্গা থানাকে অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার লক্ষ্যে গঠনমূলক ও দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়।

অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানা হতে প্রাপ্ত ২০১৭ সালের সেপ্টেম্বর মাসের অপরাধ চিত্র

থানার নাম	মাসের নাম	অপরাধের ধরণ										মোট
		চুরি	খুন	নারী ও শিশু নির্যাতন	দ্রুত বিচার	সড়ক দুর্ঘটনা	মাদক	ধর্ষণ	অপহরণ	চোরাচালান	অন্যান্য	
উল্লাপাড়া	অক্টোবর/১৭	০১	০১	০২	-	-	১০	০৫	০২	-	০৯	৩০
সলঙ্গা	অক্টোবর/১৭	-	০১	০১	-	-	০২	-	-	-	০১	০৫

আলোচকবৃন্দ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া	তিনি বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তবে ডাক্তার স্বল্পতার কারণে এত বড় উপজেলায় স্বাস্থ্য সেবা প্রদান কাজ ব্যাহত হচ্ছে। প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার পদায়নের জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন।	মানননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ডাক্তার পদায়নের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য পরামর্শ দেয়া হলো। এছাড়া উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সার্বক্ষণিক অবস্থান করে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, উল্লাপাড়া
উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া	তিনি বলেন তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলায় মাছের উৎপাদন ভালো। ইলিশ মাছ সংরক্ষণ অভিযান সফলভাবে সম্পন্ন হয়েছে। তার পদোন্নতি জনিত কারণে অন্যত্র বদলীর বিষয়ে সভাকে অবহিত করে এবং সকলের দোয়া প্রার্থনা করেন।	নতুন যোগদানকৃত উপজেলা মৎস্য কর্মকর্তাকে চলমান কার্যক্রমের বিষয়ে বিস্তারিত তথ্য প্রদান করার জন্য বিদায়ী উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হলো। সেই সাথে তার সার্বিক উন্নতি কামনা করা হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া
উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া	তিনি বলেন উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। আগামি ১৯ নভেম্বর ২০১৭ তারিখ হতে উপজেলার মোট ২৯ টি কেন্দ্রে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হবে। সুষ্ঠ ও সুশৃঙ্খল পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	প্রতিটি পরীক্ষা কেন্দ্রে ০২ জন করে গ্রাম পুলিশ নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।	ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া
জনাব মোঃ শাহান_ সহঃ শিক্ষক, উল্লাপাড়া মহিলা মাদ্রাসা	তিনি বলেন তার প্রতিষ্ঠানের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তবে বাল্য বিবাহের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।	বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া

সভাপতি, প্রেসক্লাব, উল্লাপাড়া	তিনি বলেন, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। উল্লাপাড়া রেল স্টেশন প্লাটফরম সংলগ্ন একটি ঘরে নিয়মিত জুয়া খেলা চলছে। জরুরী ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানান।	সভাপতি, উপজেলা প্রেসক্লাব, উল্লাপাড়া এর দেওয়া তথ্যমতে জরুরী ভিত্তিতে অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা।
সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ উল্লাপাড়া	মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের হস্তক্ষেপে চৈত্রহাটি মন্দিরের সম্পত্তি সংক্রান্ত সমস্যার সমাধান সম্ভব হয়েছে। কিছু সম্পত্তি দুবৃত্তরা জবর দখল করে রেখেছে। মন্দিরের সম্পত্তি অবৈধ দখলমুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	চৈত্রহাটি মন্দিরের সেবায়েত, উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদ এর সাথে পরামর্শক্রমে অবৈধভাবে দখলকৃত সম্পত্তি পুনরুদ্ধার করার ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপিকে অনুরোধ করা হলো।	চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি, উল্লাপাড়া
চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি, উল্লাপাড়া	তিনি বলেন তার ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বাল্য বিবাহ ও মাদকের বিষয়ে তথ্য পাওয়া মাত্র আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সলঙ্গা থানাকে অনুরোধ জানান। ইসলামী জালসা আয়োজনের ক্ষেত্রে সরকারি নির্দেশনার প্রেক্ষিতে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে কটাক্ষকারীদের প্রতি তীব্র নিন্দা জ্ঞাপন করেন।	বাল্য বিবাহ ও মাদকের বিষয়ে তথ্য পাওয়া মাত্র আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানা
চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি, উল্লাপাড়া	তিনি বলেন, হাটিকুমরুল গোলচত্ত্বরসহ হাটিকুমরুল ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। চলতি শীত মৌসুমে উপজেলার বিভিন্ন স্থানে ইসলামি জালসার আয়োজন করা হবে। এক্ষেত্রে সাতক্ষীরা জেলার মোঃ আজিজুল হক, বগুড়া জেলার মোঃ বকুল হোসেন রাষ্ট্র বিরোধী ও উষ্কানীমূলক বক্তব্যের মাধ্যমে বিভ্রান্ত সৃষ্টি করছে বলে অভিযোগ করেন। এই দুই বক্তার বিষয়ে সর্তক থাকার জন্য থানা পুলিশ ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। হাটিকুমরুল গোলচত্ত্বরে সিসি টিভি ক্যামেরার সংখ্যা বৃদ্ধি করার অনুরোধ জানান। বাল্য বিবাহ ও মাদকের বিরুদ্ধে তার শক্ত অবস্থান অব্যাহত আছে।	সাতক্ষীরা জেলার মোঃ আজিজুল হক, বগুড়া জেলার মোঃ বকুল হোসেন এর বিষয়ে সর্তক থাকার জন্য ইসলামি জালসার আয়োজক কমিটি, ইউপি চেয়ারম্যান, অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সলঙ্গা থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সলঙ্গা থানা, ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া
চেয়ারম্যান, মোহনপুর ইউপি, উল্লাপাড়া	তিনি বলেন মোহনপুর ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তিনি বলেন, মোহনপুর, উধুনিয়া ও বড়পাঙ্গাসী ইউপি উল্লাপাড়া উপজেলার তিনটি অপরাধপ্রবণ এলাকা এই এলাকায় পুলিশী টহল বৃদ্ধি করার অনুরোধ জানান। মাদক ও জুয়া নিয়ন্ত্রনে এসেছে।	মোহনপুর, উধুনিয়া ও বড়পাঙ্গাসী ইউনিয়নে পুলিশী টহল বৃদ্ধি করার জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা
চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি, উল্লাপাড়া	তিনি বলেন বাঙ্গালা ইউনিয়নে মাদকের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। মাদক সেবী ও মাদক ব্যবসায়ীদের একটি তালিকা প্রস্তুত করে থানায় প্রেরণ করা হবে। তালিকাভুক্ত মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের দ্রুত আইনের আওতায় আনার জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানান। তার ইউনিয়নের বিভিন্ন রাস্তায় প্রায়শই চুরি ছিনতাই হয়, টহল বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান।	চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি কর্তৃক দাখিলকৃত মাদক ব্যবসায়ীদের তালিকা অনুযায়ী জরুরী ভিত্তিতে অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা
জনাব রীবলী ইসলাম কবিতা, সংরক্ষিত সদস্য, জেলা পরিষদ, সিরাজগঞ্জ	তিনি বলেন, উল্লাপাড়া উপাজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। বাল্য বিবাহের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন নিকাহ্ রেজিস্ট্রারা টাকার বিনিময়ে আইনের তোয়াক্কা না করে বাল্য বিবাহ পড়াচ্ছে। উল্লাপাড়া পৌর শহরকে যানজট মুক্ত করায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জানান। চলতি শীত মৌসুমে পৌর রাস্তায় হকাররা ফুটপাত দখল করে শীত বস্ত্র বিক্রি করে এতে যান চলচল বিঘ্ন হয়। হকারদের জন্য উপযুক্ত স্থান নির্ধারণ করে দেওয়ার জন্য মেয়র, উল্লাপাড়া পৌরসভাকে অনুরোধ জানান। এছাড়া বর্তমানে হিজরা সমাজের একটি বড় সমস্যা হয়ে দ্বারিয়েছে বলে জানান।	নিকাহ্ রেজিস্ট্রারদের বিরুদ্ধ সুস্পষ্ট অভিযোগ দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে এবং সমাজের সচেতনমহলকে অনুরোধ জানানো হলো।	চেয়ারম্যান, (সকল) ইউপি, ও সুধী সমাজ, উল্লাপাড়া

জনাব গোলাম মোস্তফা, বীর মুক্তিযোদ্ধা	মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের দিক নির্দেশনায় উল্লাপাড়া উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জানান। উল্লাপাড়া বাজারের কম্পিউটার দোকান গুলিতে নজরদারি বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান। জেলা পরিষদের পক্ষ থেকে এ উপজেলার মোট ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ মিনার নির্মাণ করার জন্য বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া সিরাজগঞ্জ জেলার প্রথম প্রতিরোধ যুদ্ধের স্থান ঘাটিনাতে একটি স্মৃতিস্তম্ভ নির্মাণ করার পারিকল্পনার কথা জানান।	উল্লাপাড়া বাজার সহ উপজেলার অন্যান্য বাজারের কম্পিউটার দোকানগুলোতে নজরদারি বৃদ্ধির জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানাকে অনুরোধ করা হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সলঙ্গা থানা
অফিসার ইনচার্জ, হাটিকুমরুল হাইওয়ে থানা	তিনি বলেন হাটিকুমরুল হাইওয়ে থানাধীন এলাকায় গত মাসে কোন সড়ক দুর্ঘটনা ঘটে নাই। মাদক বিরোধী অভিযান অব্যাহত আছে। মহাসড়কে তিন চাকার যান চলাচল বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে এবং ভ্রাম্যমান আদালতের মাধ্যমে শাস্তি প্রদান করা হচ্ছে। হাটিকুমরুল গোলচত্ত্বরে চারটি সিসি টিভি ক্যামেরা লাগানো হয়েছে। আরোও ক্যামেরা লাগোনোর জন্য আর্থিক বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।	হাটিকুমরুল গোলচত্ত্বরে যে চারটি সিসি টিভি ক্যামেরা লাগানো হয়েছে তা এমন স্থানে লাগাতে হবে যাতে গোলচত্ত্বরের সমগ্র এলাকার চিত্র ধারণ করা সম্ভব হয়।	অফিসার ইনচার্জ, হাটিকুমরুল হাইওয়ে থানা
অফিসার ইনচার্জ, সলঙ্গা থানা	তিনি বলেন, তিনি সদ্য সলঙ্গা থানায় যোনদান করেছেন। সকলের সহযোগিতা কামনা করেন। সলঙ্গা থানার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। চৈত্রহাটি মন্দিরে চুরির ঘটনায় মামলা হয়েছে। তদন্ত চলছে। মাদক ও বাল্য বিবাহ রোধে সলঙ্গা থানা পুলিশ তৎপর রয়েছে। ইসলামি জালসায় উস্কানীমূলক বক্তব্য প্রদানকারীদের বিষয়ে সর্তকতা অবলম্বন করা হবে।	চৈত্রহাটি মন্দিরে চুরির ঘটনায় রুজুকৃত মামলায় দ্রুত তদন্ত শেষে গ্রেফতারকৃতদের নামে চার্জশীট দাখিল করার জন্য অফিসার ইনচার্জ, সলঙ্গা থানাকে অনুরোধ করা হলো।	অফিসার ইনচার্জ, সলঙ্গা থানা
অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা	তিনি বলেন উল্লাপাড়া থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। মাদক, জুয়া ও বাল্য বিবাহ প্রতিরোধে তথ্য দিয়ে উল্লাপাড়া থানা পুলিশকে সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক, শিক্ষক সহ সুধী সমাজকে অনুরোধ জানান। ইসলামি জালসার নামে এদেশের নিষিদ্ধ ঘোষিত দল বা সংগঠনগুলো দলীয় প্রচার চালাতে পারে এ বিষয়ে সর্তক থাকার এবং তথ্য দিয়ে থানা পুলিশকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। উল্লাপাড়া থানায় গাড়ী স্বল্পতার কারণে কার্যক্রম ব্যাহত হচ্ছে। গাড়ী সরবরাহের জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন।	ইসলামি জালসার নামে এদেশের নিষিদ্ধ ঘোষিত দল বা সংগঠনগুলো দলীয় প্রচার চালাতে পারে এ বিষয়ে সর্তক থাকার জন্য এবং তথ্য প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো।	ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া	তিনি বলেন উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। পাবলিক পরীক্ষাগুলোতে ছাত্র-ছাত্রীদের কাছে অতিরিক্ত ফি আদায় না করার জন্য প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। উপজেলার যে কোন স্থানে ইসলামি জালসা ও নামযজ্ঞ অনুষ্ঠানের কমপক্ষে ১৫ দিন পূর্বে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয় বরাবর আবেদন করে অনুমতি গ্রহণ করতে হবে মর্মে সভাকে অবহিত করেন এবং বিষয়টি প্রত্যন্ত এলাকা বহুল প্রচারের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	উপজেলার যে কোন স্থানে ইসলামি জালসা ও নামযজ্ঞ অনুষ্ঠানের কমপক্ষে ১৫ দিন পূর্বে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয় বরাবর আবেদন করে অনুমতি গ্রহণের বিষয়টি প্রত্যন্ত এলাকা বহুল প্রচারের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো।	ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া
মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬২ সিরাজগঞ্জ ৪	১। সভায় উপস্থিত প্রধান উপদেষ্টা মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব তানভীর ইমাম বলেন বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশু নির্যাতন বিষয়ে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিদ্ধান্তসমুহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। আগামিতে উল্লাপাড়া উপজেলায় মাননীয় স্পীকার মহোদয়কে আমন্ত্রন জানিয়ে বাল্য বিবাহ প্রতিরোধ একটি জনসমাবেশ করার পরিকল্পনার বিষয়ে	১। জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশু নির্যাতন বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সভাপতি, প্রেসক্লাব, উল্লাপাড়া	তিনি বলেন, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। উল্লাপাড়া রেল স্টেশন প্লাটফরম সংলগ্ন একটি ঘরে নিয়মিত জুয়া খেলা চলছে। জরুরী ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানান।	সভাপতি, উপজেলা প্রেসক্লাব, উল্লাপাড়া এর দেওয়া তথ্যমতে জরুরী ভিত্তিতে অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা।
সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ উল্লাপাড়া	মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের হস্তক্ষেপে চৈত্রহাটি মন্দিরের সম্পত্তি সংক্রান্ত সমস্যার সমাধান সম্ভব হয়েছে। কিছু সম্পত্তি দুবৃত্তরা জবর দখল করে রেখেছে। মন্দিরের সম্পত্তি অবৈধ দখলমুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	চৈত্রহাটি মন্দিরের সেবায়েত, উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদ এর সাথে পরামর্শক্রমে অবৈধভাবে দখলকৃত সম্পত্তি পুনরুদ্ধার করার ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপিকে অনুরোধ করা হলো।	চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি, উল্লাপাড়া
চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি, উল্লাপাড়া	তিনি বলেন তার ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বাল্য বিবাহ ও মাদকের বিষয়ে তথ্য পাওয়া মাত্র আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সলঙ্গা থানাকে অনুরোধ জানান। ইসলামী জালসা আয়োজনের ক্ষেত্রে সরকারি নির্দেশনার প্রেক্ষিতে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে কটাক্ষকারীদের প্রতি তীব্র নিন্দা জ্ঞাপন করেন।	বাল্য বিবাহ ও মাদকের বিষয়ে তথ্য পাওয়া মাত্র আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানা
চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি, উল্লাপাড়া	তিনি বলেন, হাটিকুমরুল গোলচত্বরসহ হাটিকুমরুল ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। চলতি শীত মৌসুমে উপজেলার বিভিন্ন স্থানে ইসলামি জালসার আয়োজন করা হবে। এক্ষেত্রে সাতক্ষীরা জেলার মোঃ আজিজুল হক, বগুড়া জেলার মোঃ বকুল হোসেন রাষ্ট্র বিরোধী ও উস্কানীমূলক বক্তব্যের মাধ্যমে বিভ্রান্ত সৃষ্টি করছে বলে অভিযোগ করেন। এই দুই বক্তার বিষয়ে সর্তক থাকার জন্য থানা পুলিশ ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। হাটিকুমরুল গোলচত্বরে সিসি টিভি ক্যামেরার সংখ্যা বৃদ্ধি করার অনুরোধ জানান। বাল্য বিবাহ ও মাদকের বিরুদ্ধে তার শক্ত অবস্থান অব্যাহত আছে।	সাতক্ষীরা জেলার মোঃ আজিজুল হক, বগুড়া জেলার মোঃ বকুল হোসেন এর বিষয়ে সর্তক থাকার জন্য ইসলামি জালসার আয়োজক কমিটি, ইউপি চেয়ারম্যান, অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সলঙ্গা থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সলঙ্গা থানা, ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া
চেয়ারম্যান, মোহনপুর ইউপি, উল্লাপাড়া	তিনি বলেন মোহনপুর ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তিনি বলেন, মোহনপুর, উধুনিয়া ও বড়পাঙ্গাসী ইউপি উল্লাপাড়া উপজেলার তিনটি অপরাধপ্রবণ এলাকা এই এলাকায় পুলিশী টহল বৃদ্ধি করার অনুরোধ জানান। মাদক ও জুয়া নিয়ন্ত্রনে এসেছে।	মোহনপুর, উধুনিয়া ও বড়পাঙ্গাসী ইউনিয়নে পুলিশী টহল বৃদ্ধি করার জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা
চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি, উল্লাপাড়া	তিনি বলেন বাঙ্গালা ইউনিয়নে মাদকের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। মাদক সেবী ও মাদক ব্যবসায়ীদের একটি তালিকা প্রস্তুত করে থানায় প্রেরণ করা হবে। তালিকাভুক্ত মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের দ্রুত আইনের আওতায় আনার জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানান। তার ইউনিয়নের বিভিন্ন রাস্তায় প্রায়শই চুরি ছিনতাই হয়, টহল বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান।	চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি কর্তৃক দাখিলকৃত মাদক ব্যবসায়ীদের তালিকা অনুযায়ী জরুরী ভিত্তিতে অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানাকে অনুরোধ জানানো হলো।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা
জনাব রীবলী ইসলাম কবিতা, সংরক্ষিত সদস্য, জেলা পরিষদ, সিরাজগঞ্জ	তিনি বলেন, উল্লাপাড়া উপাজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। বাল্য বিবাহের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন নিকাহ রেজিস্ট্রাররা টাকার বিনিময়ে আইনের তোয়াক্কা না করে বাল্য বিবাহ পড়াচ্ছে। উল্লাপাড়া পৌর শহরকে যানজট মুক্ত করায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জানান। চলতি শীত মৌসুমে পৌর রাস্তায় হকাররা ফুটপাত দখল করে শীত বস্ত্র বিক্রি করে এতে যান চলচল বিঘ্ন হয়। হকারদের জন্য উপযুক্ত স্থান নির্ধারণ করে দেওয়ার জন্য মেয়র, উল্লাপাড়া পৌরসভাকে অনুরোধ জানান। এছাড়া বর্তমানে হিজরা সমাজের একটি বড় সমস্যা হয়ে দ্বারিয়েছে বলে জানান।	নিকাহ রেজিস্ট্রারদের বিরুদ্ধ সুস্পষ্ট অভিযোগ দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে এবং সমাজের সচেতনমহলকে অনুরোধ জানানো হলো।	চেয়ারম্যান, (সকল) ইউপি, ও সুধী সমাজ, উল্লাপাড়া

	সভাকে অবহিত করেন। মাদকের বিরুদ্ধে পুলিশী অভিযান অব্যাহত রাখতে হবে। জুয়ার আসর বন্ধ করতে অধিক তৎপরতা অবলম্বন করতে অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সলঙ্গা থানাকে অনুরোধ জানান। ২। ঝিকিড়া গ্রামের নামযজ্ঞ অনুষ্ঠানের বিষয়ে পৌর কাউন্সিলর নজরুল ইসলাম লেবুর সাথে আলোচনা সাপেক্ষে পারস্পারিক সম্প্রীতি বজায় রেখে অনুষ্ঠান আয়োজনের জন্য আয়োজক কমিটিকে অনুরোধ জানান। ৩। মোমেনা আলী বিজ্ঞান স্কুলের বিষয়টি অত্যন্ত ন্যাক্কার জনক, প্রধান শিক্ষককের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিদ্যালয় পরিচালনা কমিটিকে অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ এলাকাভিত্তিক পর্যাপ্ত ডাক্তার নিয়োগের জন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়কে অনুরোধ জানানো হবে মর্মে জানান।		
	৪। ইসলামি জালসার নামে সরকার বিরোধী বক্তব্য, ধর্মের নামে রাজনীতি বন্ধ করতে প্রচার প্রচারনা সহ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। তিনি বলেন ইসলামি জালসা বন্ধ করা সরকারের লক্ষ্য নয়, দেশের বির্তকিত বক্তারা যাতে বিভ্রান্তিমূলক বক্তব্যের মাধ্যেমে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি করতে না পারে সেটাই সরকারের লক্ষ্য। বির্তকিত বক্তা দ্বারা ইসলামি জালসার আয়োজন করা হলে আয়োজক কমিটি ও বক্তাদের গ্রেফতার করা হবে মর্মে জেলা আইন-শৃঙ্খলা কমিটিতে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত উল্লাপাড়া উপজেলায় যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।	বির্তকিত বক্তা দ্বারা ইসলামি জালসা আয়োজন করা হলে আয়োজক কমিটি ও বক্তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানাকে নির্দেশনা প্রদান করেন। সেই সাথে ইসলামি জালসার আয়োজন নিয়ে সরকারের ভাবমুর্তি অক্ষুন্ন রাখতে সরকারের সঠিক লক্ষ্যের বিষয়ে জনগণকে অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করেন।	অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সলঙ্গা থানা, ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া
	৫। বালু মহালের ইজারাদারদের ইজারার শর্ত মোতাবেক উত্তোলিত বালু নিজ জায়গায় রাখতে হবে কিন্তু লক্ষ্য করা যাচ্ছে ইজারাদার যত্রতত্র বালু রাখছে, এটা বন্ধ করতে হবে।	বালু মহাল ইজারার শর্ত ভঙ্গ করা হলে ইজারা বাতিল করার পরামর্শ প্রদান করেন।	জেলা প্রশাসন, সিরাজগঞ্জ।
	৬। উল্লাপাড়া বাস টার্মিনাল উদ্বোধন করা হয়েছে কিন্তু অদ্যাবধি কোন কার্যক্রম লক্ষ্য করা যাচ্ছে না। আগামি ১৬ নভেম্বর তারিখের মধ্যে সব টিকেট কাউন্টার ও বাস ট্রাক নতুন টার্মিনালে স্থানান্তর নিশ্চিত করতে পরিবহন মালিক গ্রুপ ও মটর শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দকে নির্দেশনা প্রদান করেন।	আগামি ১৬ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে সব টিকেট কাউন্টার ও বাস-ট্রাক নতুন টার্মিনালে স্থানান্তর নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিবহন মালিক গ্রুপ ও মটর শ্রমিক ইউনিয়ন, উল্লাপাড়া
	৭। মহাসড়কে বেপরোয়া চালকদের বিষয়ে তৎপর থাকতে অফিসার ইনচার্জ, হাটিকুমরুল হাইওয়ে থানাকে নির্দেশনা প্রদান করেন। সেই সাথে হাটিকুমরুল গোলচত্ত্বর এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হাটিকুমরুল ইউপি চেয়ারম্যান ও অফিসার ইনচার্জ, হাইওয়ে থানাকে নির্দেশনা প্রদান করেন। উল্লাপাড়া মডেল থানার পুলিশ সংখ্যা বৃদ্ধি এবং গাড়ী সরবরাহের বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়কে সুপারিশ করবেন মর্মে জানান।	মহাসড়কে বেপরোয়া চালকদের বিষয়ে তৎপর থাকাসহ হাটিকুমরুলগোলচত্ত্বর এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে অফিসার ইনচার্জ, হাইওয়ে থানা ও ইউপি চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি কে নির্দেশনা প্রদান করা হয়।	অফিসার ইনচার্জ, হাটিকুমরুল হাইওয়ে থানা এবং ইউপি চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি, উল্লাপাড়া

সভাপতির সমাপনী বক্তব্য ঃ

সভাপতি গুরুত্বপুর্ণ ও দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদানের জন্য প্রধান উপদেষ্টা, মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়সহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। জুম্মার নামাজে সন্ত্রাস ও জঙ্গীবাদের খারাপ দিক তুলে ধরে নিয়মিত খুৎবা পাঠ অব্যাহত রাখার জন্য উপজেলার সকল

...জদের সম্মানিত ইমামগণকে পুনরায় অনুরোধ জানানো হয়। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, উল্লাপাড়া কে বিষয়টি নিয়মিত তদারকি করার এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো। বাল্য বিবাহ প্রতিরোধে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা এবং জেলা আইন-শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য তৎপর থাকার অনুরোধ জানান। গ্রাম আদালতের কার্যক্রম আরোও গতিশীল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। উপজেলার সকল হাফিজিয়া মাদ্রাসার শিক্ষক ও ছাত্র-ছাত্রীর তালিকা সংগ্রহ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে পুনরায় অনুরোধ জানানো হলে সেই সাথে জন্ম নিবন্ধন সনদ ছাড়া ছাত্র ভর্তি না করা এবং পিএসসি, জেএসসি, জেডিসি ও এসএসসি রেজিস্টেশন না করার জন্য স্ব স্ব অধিক্ষেত্রের প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা দিতে উপজেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে পুনরায় অনুরোধ জানানো হয়।

সভার আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(সন্দীপ কুমার সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

স্মারক নং- ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০২.০০১.১৫-১৪৬৭ তারিখ ঃ ১২-১১-২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪।
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৬। অফিসার ইনচার্জ, উল্লাপাড়া/সলঙ্গা/হাটিকুমরুল হাইওয়ে থানা, উল্লাপাড়া।
৭। .... উল্লাপাড়া।

উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ